

‘ইউএসএআইডি’ প্রশাসক আগামীকাল বাংলাদেশে আসছেন

ঢাকা, ১৯শে নভেম্বর -- যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র সহায়তা বিষয়ক পরিচালক এবং যুক্তরাষ্ট্র আন্তর্জাতিক উন্নয়ন সংস্থার (ইউএসএআইডি) প্রশাসক হেনরিয়েটা এইচ. ফোর একদিনের সফরে আগামীকাল মঙ্গলবার বাংলাদেশে আসছেন। তার অবস্থানকালে তিনি সাইক্লোন সিডরের ধ্বংসযজ্ঞ স্বচক্ষে প্রত্যক্ষ করবেন এবং যুক্তরাষ্ট্র সরকারের সহায়তাপ্রাপ্ত সহযোগী সংস্থাগুলোর ত্রাণ তৎপরতাও পর্যবেক্ষণ করবেন। তিনি উর্ধ্বতন সরকারি কর্মকর্তাদের সাথে দেখা করে এই প্রয়োজনের সময়ে যুক্তরাষ্ট্র বাংলাদেশে কিভাবে সহায়তা অব্যাহত রাখতে পারে সে বিষয়ে আলোচনা করবেন। খাদ্য বাদে অন্যান্য ত্রাণ সহায়তা হিসেবে তিনি ৩৫ মেট্রিক টন শেল্টার ভাইনিল, হাইজিন কিট, জেরিক্যান এবং কম্বল প্রদান করবেন, যার মূল্য ১,৬১,৮৭৫ (এক লক্ষ একষট্টি হাজার আটশ’ পঁচাত্তর) ডলার।

গত ১৩ই নভেম্বর মিজ. ফোর যুক্তরাষ্ট্রের সিনেট কর্তৃক ইউএসএআইডি-এর প্রথম নারী প্রশাসক হিসেবে নিযুক্তি লাভ করেন।

=====

জিআর/ ২০০৭